

## ঘানার রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ করলেন প্রধানমন্ত্রী (02 জুলাই, 2025)

02 জুলাই, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ঘানার রাষ্ট্রপতি, মহামহিম ডঃ জন দ্রমণি মহামার সাথে সাক্ষাৎ করেন। জুবিলি হাউসে পৌঁছানোর পরে রাষ্ট্রপতি মহামা প্রধানমন্ত্রীকে সাদর অভ্যর্থনা জানান। প্রধানমন্ত্রীর ঘানা রাজ্যের এই সফরটি গত তিন দশকের মধ্যে প্রথম এই ধরনের সফর।

2. দুই নেতা সীমাবদ্ধ এবং প্রতিনিধি স্তরের ফরম্যাটে সাক্ষাৎ করেন এবং বিস্তৃত আলোচনা করেন। তারা বিস্তৃত অংশীদারিত্বের সাথে দুই দেশের মধ্যে বিদ্যমান সম্পর্ক উন্নত করতে সম্মত হন। উভয় নেতা ভারত ও ঘানার মধ্যে উষ্ণ ও সময়-পরীক্ষিত সম্পর্কের বিষয়টি পুনর্ব্যক্ত করেন এবং বাণিজ্য ও বিনিয়োগ, কৃষি, দক্ষতা বিকাশ, ডিজিটাল প্রযুক্তি, অবকাঠামো এবং জনগণের মধ্যে সম্পর্ক সহ মূল ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি করার নানা উপায় নিয়ে আলোচনা করেন। তারা ঘানায় দ্বিপাক্ষিক বাণিজ্য ও ভারতীয় বিনিয়োগকে স্বাগত জানান। নেতারা প্রতিরক্ষা ও নিরাপত্তা অংশীদারিত্ব শক্তিশালী করার বিষয়ে আলোচনা করেন। তারা বিশেষ করে ভারত-সমর্থিত পরিকাঠামো এবং ক্ষমতা নির্মাণ প্রকল্পের মাধ্যমে উন্নয়ন সহযোগিতা অংশীদারিত্বকে আরও শক্তিশালী করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। ভারত স্বাস্থ্য, ফার্মা, ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার, ইউপিআই এবং দক্ষতা উন্নয়নের ক্ষেত্রে তার অভিজ্ঞতা ভাগ করে নেওয়ার প্রস্তাব দিয়েছে। প্রধানমন্ত্রী গ্লোবাল সাউথের নানা সমস্যা সকলের সামনে তুলে ধরার প্রতি ভারতে গভীর প্রতিশ্রুতিবদ্ধতা নিশ্চিত করেছেন এবং এই বিষয়ে ঘানাকে যেভাবে সংহতি প্রকাশ করেছে, তার জন্য ধন্যবাদ জানিয়েছেন। ঘানায় ভারতীয় সম্প্রদায় যথেষ্ট শক্তিশালী, যার সংখ্যা প্রায় 15,000, তাদের দিকে নজর দেওয়ার জন্য রাষ্ট্রপতি মহামাকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী।

3. রাষ্ট্রসংঘের সংস্কার সহ পারস্পরিক স্বার্থ জড়িত রয়েছে এমন নানা আন্তর্জাতিক বিষয় নিয়ে দুই নেতা আলোচনা করেন। পহেলগাম সন্ত্রাসবাদী হামলার পরে সমর্থন ও সংহতি প্রকাশ করার জন্য রাষ্ট্রপতি মহামাকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী। সন্ত্রাসবাদের বিরুদ্ধে বিশ্বব্যাপী লড়াই শক্তিশালী করতে দুই পক্ষ সম্মত হয়েছে। ঘানা যেভাবে তার আন্তর্জাতিক ভাবমূর্তি উন্নত করে চলেছে, তার জন্য প্রধানমন্ত্রী অভিনন্দন জানান, বিশেষত এর মধ্যে রাষ্ট্রসংঘের মানবাধিকার কাউন্সিলে তার মেয়াদ এবং কমনওয়েলথ সেক্রেটারি-জেনারেল হিসাবে ঘানার পররাষ্ট্রমন্ত্রীর নির্বাচন অন্তর্ভুক্ত রয়েছে। উভয় নেতা গণতান্ত্রিক মূল্যবোধ, দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা এবং দীর্ঘমেয়াদী উন্নয়ন ও বিশ্ব শান্তির জন্য সহমত হওয়া দৃষ্টিভঙ্গির প্রতি তাদের প্রতিশ্রুতি নিশ্চিত করেন।

4. প্রতিনিধি পর্যায়ের আলোচনার পর, সংস্কৃতি, স্ট্যান্ডার্ড, আয়ুর্বেদ এবং চিরাচরিত ঔষুধের মতো ক্ষেত্রে চারটি MoU সাক্ষরিত হয় এবং বিদেশ মন্ত্রকের মধ্যে জয়েন্ট কমিশন মেকানিজম বিনিময় করা হয়। প্রধানমন্ত্রীর সম্মানে রাষ্ট্রপতি মহামা রাষ্ট্রীয় ভোজসভার আয়োজন করেন। এই উষ্ণ অভ্যর্থনার জন্য ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী পারস্পরিক সুবিধাজনক সময়ে ভারতে আসার জন্য রাষ্ট্রপতি মহামাকে আমন্ত্রণ জানান।

আক্রা

02 জুলাই, 2025